# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২৩- ৯৫২ তারিখ- ২২/০২/২০২৩ খ্রি.

## সভার নোটিশ

রংপুর সদর উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২৩ মাসের সভা ২৭/০২/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান জনাব মোছাঃ নাছিমা জামান ববি।

সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাগণকে স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি:**

০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। গত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
০৩। রংপুর সদর উপজেলা পরিষদ চত্বর সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত আলোচনা।
০৪। কমিটির নিয়মিত সভা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ সম্পর্কে আলোচনা।
০৫। কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৬। নতুন আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন সম্পর্কে অবহিত করন।
০৭। মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৮। UDCC সভা সম্পর্কে আলোচনা।
০৯। বিবিধ।

২২/০২/২৩

(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর-০৫২১-৬২১১৬।

প্রাপক :.....................................................

.................................................
রংপুর সদর, রংপুর।

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩ আসন।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৬। নোটিশ বোর্ড.................................................. অফিস।
০৭। অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর। তাকে পত্রটি উপজেলা ওয়েব পোটালে আপলোড করার জন্য বলা হলো।
০৮। অফিস কপি।

CamScanner

# ফেব্রুয়ারী-২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

## রংপুর সদর, রংপুর।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ নাছিমা জামান ববি<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>রংপুর সদর, রংপুর। |
| তারিখ | : | ২৭/০২/২০২৩খ্রিঃ। |
| সময় | : | বেলা : ১২.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোছাঃ নুর নাহার বেগম সভাপতির আসন গ্রহণ করার জন্য অনুরোধ জানালে জনাব মোছাঃ নাছিমা জামান ববি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভাপতির আসন গ্রহণ করেন এবং স্বাগত বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য চলাকালীন সময়ে ৫নং খলেয়া ইউনিয়নের চেয়ারম্যান জনাব মোঃ মোত্তালেবুল হক সভাপতিকে উদ্দেশ্য করে কটকতী করে কথা বলতে থাকেন এবং অসৌজন্যমূলক আচরণ শুরু করেন, যা পরিষদ সভার আচারণ বিধির মধ্যে পড়ে না। সভাপতি এতে ক্ষিপ্ত হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর এবং ২নং হরিদেবপুর ইউনিয়নের চেয়ারম্যানসহ অন্যান্যদের অনুরোধে জনাব মোঃ মোত্তালেবুল হক, চেয়ারম্যান, ৫নং খলেয়া ইউনিয়ন পরিষদকে এবারের মত শতর্ক করে দেয়া হয় এবং পরবর্তীতে এধরণের আচরণ করা হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবিহত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | উপজেলা কমিটির সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর জানান যে, বর্তমানে কোভিড-১৯ নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। কোভিড-১৯ এর বিস্তাররোধকল্পে সকলকে মাস্ক পরিধান করার জন্য মতামত ব্যক্ত করেন। মাস্ক পরিধানের বিষয়ে গ্রামগঞ্জে প্রচার চালানোর জন্য জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ করেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সুপারিশ সমূহ:<br>১) সুখী পরিবার ভিত্তিক গ্রাম প্রতিষ্ঠার লক্ষ্যে পরিবার কল্যাণ সংঘ সদস্যগণকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান (প্রতি ইউনিয়নে ১টি করে গ্রাম)<br>২) মমিনপুর ও চন্দনপাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশের জন্য প্রধান রাস্তা হতে এ্যাপ্রোচ রোড নির্মাণ।<br>৩) রংপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ত্রিশোর্ধ বিবাহিত নারীগণের জরায়ুমুখে ক্যান্সার (স্ক্রিনিং) ভাষা টেস্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | কোভিড-১৯ মোকাবেলায় সকলকে মাস্ক পরিধানে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ০২ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর কাছে eMIS কার্যক্রমে ব্যবহৃত কর্পোরেট ডাটা সিমের ব্যবহারের সাথে লোকেশন ট্র্যাকিং অনুমোদন প্রয়োজন। এর ফলে সংশ্লিষ্ট কর্মকর্তা লোকেশন ট্র্যাকিং করত নির্ধারিত কর্মসূচী বাস্তবায়িত হবে। | | ১) বিস্তারিত আলোচনান্তে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কাছে ব্যবহৃত কর্পোরেট ডাটা সিমের ব্যবহৃত লোকেশন ট্যাংকিং প্রয়োজনীয় অনুমোদন নিতে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুরকে ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-২

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | তিনি আরো বলেন যে, আইইউডি লক্ষ্যমাত্রা-১০২, অর্জন-৮৫, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রা-১২৫, অর্জন-২৯৭, স্থায়ী পদ্ধতি লক্ষ্যমাত্রা-৮১, অর্জন- ১৮৬, গর্ভবতীর পরিচর্যা লক্ষ্যমাত্রা- ২৫৮২, অর্জন- ২৭০৯, ডেলিভারী লক্ষ্যমাত্রা- ৩৩৯, অর্জন- ৫০৪, প্রসবোত্তর সেবা লক্ষ্যমাত্রা- ১৩৮০, অর্জন- ১১২৪ এবং শিশু পরিচর্যা লক্ষ্যমাত্রা- ৩৪১৭, অর্জন- ৩৮৫০জন। | | ২) অর্জিত লক্ষমাত্রা ধরে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | **উপজেলা জনস্বাস্থ্য অফিস**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সুপারিশ সমূহ:**<br>১) ০৫টি ইউনিয়নেহাত ধোয়া ও পুষ্টি বিষয়ে বিভিন্ন স্থানে ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামুলক সভা সেমিনার বা আলোচনা সভা করে সাধারণ জনগণকে শতভাগ হাইজিন অভ্যাস ও শতভাগ অপুষ্টি বিষয়ে সচেতনতা করে তুলতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিশ্বব্যাংকের অর্থায়নে ডেইরী খাতে বিশ্বব্যয়ী সবচেয়ে বড় অর্থায়নে বাংলাদেশে লাইভষ্টক এন্ড ডেইরী ডেভলফমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) বাস্তবায়িত হচ্ছে। সেখানে প্রডিউসার গ্রুপ ভিত্তিক প্রশিক্ষণ ও উন্নয়ন কার্যক্রম চলমান আছে। এলডিডিপি প্রকল্পের অর্থায়নে রংপুর সদর উপজেলায় প্রতিবারের ন্যায় এবারও দিনব্যাপী "প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩" ১লা মার্চ ২০২৩ তারিখে উপজেলা পরিষদ মাঠে, অনুষ্ঠিত হবে। তিনি চেয়ারম্যান মহোদয়সহ সকল কর্মকর্তাবৃন্দকে সেখানে আমন্ত্রণ জানান। সেখানে উন্নত প্রজাতির গাভী, বকনা, ছাগল, ভেড়া, গারল, পোষা প্রাণিও পাখিসহ বিভিন্ন প্রযুক্তি প্রদর্শিত হবে। একইসাথে তিনি জানান স"সমতলভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের" অধীনে নির্বাচিত ৯৫জন ভেড়া খামারীকে ০১জোড়া করে ভেড়া ও ভেড়ার ঘর তৈরীর উপকরণ বিতরণ করা হবে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-৩

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **সিনিয়র উপজেলা মৎস্য অফিস**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, রংপুর জেলাকে পিরানহা মাছ মুক্ত ঘোষণা করা হয়েছে। এ প্রেক্ষিতে রংপুর সদর উপজেলায় অভিযান, মোবাইল কোর্ট, সচেতনতা সভা, লিফলেট বিতরণ, বাজার পরিদর্শনসহ বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। এলক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধি, গণমান্য ব্যক্তিসহ সকলের সহযোগিতা প্রয়োজন। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৬ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যন্ত্রপাতিকরণ প্রকল্পের আওতায় উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তন বিশিষ্ট যন্ত্র সংরক্ষণাগার নির্মাণের নিমিত্তে স্থান নির্বাচনে জন্য প্রকল্প পরিচালকের কার্যালয়, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা স্মারক নং-১২.০১.০০০০.০০০.১৪.০৪৮. ২১/ ২৩৯১ (৬৮৮), তারিখ- ০২/০৮/২০২১খ্রিঃ মূলে পত্র প্রেরণ করেছেন। পত্রখানা সভায় উপস্থাপন করেন এবং স্থান নির্ধারণের জন্য সভায় অনুরোধ করেন।<br>তিনি আরো বলেন যে, নিয়মিত সার মনিটরিং করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যন্ত্রপাতিকরণ প্রকল্পের আওতায় রংপুর সদর উপজেলা পরিষদ ঈদগাহ মাঠের পার্শ্বে ও বরেন্দ্র অফিসের সামনের ফাঁকা জায়গায় ১২০০ বর্গফুট আয়তন বিশিষ্ট যন্ত্র সংরক্ষণাগার নির্মাণের নিমিত্তে স্থান নিধারন সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৭ | **বরেন্দ্র বহমুখী উন্নয়ন (বিএমডিএ)**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বর্তমানে আমাদের নলকূপগুলো ঠিকমত চলতেছে না। এর মধ্যে মূল কারণ হলো উপজেলা হতে ইস্যুকৃত সেচ লাইসেন্সগুলোর মধ্যে কিছু লাইসেন্স নীতিমালার আলোকে দেয়া হচ্ছে না। ফলে বরেন্দ্র নলকূপগুলো হমকীর মুখে পড়ছে। অভিযোগকৃত লাইসেন্সগুলো পুনরায় তদন্ত করার জন্য মতামত ব্যক্ত করেন। | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর |
| ০৮ | **উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর**<br>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর |
| ০৯ | **উপজেলা প্রকৌশলী**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে ২৫২টি উপজেলায় মিনি ল্যাব অনুমোদিত হয়েছে। তার মধ্যে রংপুর সদর উপজেলাও রয়েছে। এ মিনি ল্যাবের কার্যক্রম ও যন্ত্রপাতি রাখার জন্য স্থায়ী রুমের প্রয়োজন বিধায় সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, উপজেলা ইতিপূর্বে উপজেলা সমাজসেবা অফিস যেটা পরবর্তীতে আনসার ভিডিপি ব্যাংক হিসেবে ব্যবহৃত হয়েছিল। এ কার্যালয়টি মেরামত করে মিনি ল্যাব স্থাপন করার জন্য মতামত ব্যক্ত করেন। | উপজেলা ইতিপূর্বে উপজেলা সমাজসেবা অফিস যেটা পরবর্তীতে আনসার ভিডিপি ব্যাংক হিসেবে ব্যবহৃত টিনসেড বিল্ডিংটি মেরামত করে একটি রুম মিনি ল্যাব হিসেবে ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৪

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১ | **উপজেলা শিক্ষা অফিস**<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, আমি এ উপজেলায় নতুন যোগদান করেছি। দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করছি।<br>তিনি আরো বলেন যে, রেজা নগর সরকারী প্রাথমিক বিদ্যালয় নতুন ভবন বরাদ্দ এসেছে। কিন্তু সেখানে একটা গর্ত রয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, ইতি পূর্বে উপজেলা শিক্ষা অফিসার হিসেবে যে ব্যক্তি ছিল তিনি ঠিকমত মনিটরিং করতে পারেন নাই বিধায় শিক্ষা ব্যবস্থা অনেকটাই খারাপ হয়েছে। এ পরিষদ আশা করেন যে, আপনার দ্বারা রংপুর সদর উপজেলার শিক্ষার মান পুনরায় ফিরে আসবে।<br>তিনি আরো বলেন যে, রংপুর সদর উপজেলা পরিষদ হতে অনেকগুলো মালামাল বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়েছে। উক্ত মালামালগুলোর যথাযথ ব্যবহার হচ্ছে কি না তা খোজখবর নেয়ার জন্য সভায় মতামত ব্যক্ত করেন।<br>তিনি আরো বলেন যে, উপজেলা শিক্ষা কমিটির সভা আহবান করে কোন বিদ্যালয়ের কি ধরনের জিনিসের প্রয়োজনীয়তা রয়েছে তা উপস্থাপন করার জন্য মতামত ব্যক্ত করেন। | ১) উপজেলা শিক্ষা কমিটির সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ১৩ | **উপজেলা সমাজসেবা অফিস**<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৭ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান অফিস**<br>উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও জেলা অফিসে প্রেরণসহ বিভিন্নস্থায়ী অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব প্রেরণ। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর |

চলমান পাতা-০৫

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯ | **উপজেলা বন বিভাগ**<br>রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর সভায় জানান যে, অবৈধভাবে ব্যবহৃত করাত কল বন্ধের জন্য অভিযান পরিচালনা করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর। |
| ২০ | **উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি :**<br>উপ-সহকারী প্রকৌশলী, রংপর সদর, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, কৃষকগণ বাসাবাড়ী হতে বিদ্যুৎ লাইন টেনে ছোট মটর দ্বারা সেচ কার্যক্রম পরিচালনা করছে। ফলে দুঘটনা বৃদ্ধি পাচ্ছে। অনেকভাবে বলেও এটাকে বন্ধ করা যাচ্ছ না।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, সেচ নীতিমালা যেখানে যথাযথভাবে পালন হচ্ছে না সেখানেই অভিযান পরিচালনার জন্য মতামত ব্যক্ত করেন। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২১ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর |
| ২২ | **ইউপি চেয়ারম্যানবৃন্দ :**<br>চেয়ারম্যান, ১নং মমিনপুর ইউপি সভায় বলেন যে, তার ইউনিয়নের মমিনপুর হাট-বাজারটির মধ্যে প্রবেশের জন্য গলিগুলোতে ঘর নির্মাণ করেছে। ফলে হাটের ভিতরে প্রবেশ করায় যাচ্ছে না। ভিতরের দোকানগুলো ক্ষতিগ্রস্থ হচ্ছে। তিনি মমিনপুর হাট-বাজারের পেরিফেরি তৈরী করার জন্য মতামত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান, ২নং হরিদেবপুর ইউপি, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, সভার শুরুতে অনাকাঙ্খিত ঘটনার জন্য সকলের ইউপি চেয়ারম্যানের পক্ষ হতে ক্ষমা প্রাথনা করছেন। তিনি বলেন যে, ডেকোরেটম মেনটেন করা আমাদের উচিৎ। আমাদের মাঝে সম্পর্ক অত্যান্ত ভালো।<br>চেয়ারম্যান, ৪নং সদ্যপুস্করিনী ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, সভায় বলেন যে, উপজেলা খাদ্য অফিস হতে যে কোন ধরনের চাল/গম নিতে যাওয়ার আগে তাদের সাথে যোগাযোগ করা হয়। তাদের দেয়া নির্ধারিত সময়ের মধ্যে গেলেও প্রতি বার চাল/গম দেয়া হয় রাত্রি বেলা। তাতে ছেড়া ও ফাটা বস্তা দেয়া হয়। ফলে পরিমাণের চেয়ে কম খাদ্যশস্য পাওয়া যায়। বিষয়টি সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষর দৃষ্টি আকর্ষণ করেন।<br>চেয়ারম্যান, ৫নং খলেয়া ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, সভার শুরুতে অনাকাঙ্খিত ঘটনার জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং নিজ দায়িত্ব সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ১) রংপুর সদর উপজেলার মমিনপুর হাট-বাজারসহ সকল হাটবাজারের পেরিফেরি তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) ৫নং খলেয়া ইউনিয়নের চেয়ারম্যানকে এবারেরমত ক্ষমাসহ তাকে শতর্ক করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) নির্ধারিত সময়ের মধ্যে দিনের বেলায় খাদ্যশস্য সরবরাহ করার সিদ্ধঅন্ত গৃহীত হয়। | |

চলমান পাতা-০৬

| | | | |
|---|---|---|---|
| ২১ | **উপজেলা পরিষদ সীমানা নির্ধারণ ও সীমানা প্রাচীর নির্মাণ :**<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলা পরিষদের সীমানা প্রাচীর না থাকায় অনেক উপজেলা পরিষদের সম্পত্তি বেদখল হয়ে যাচ্ছে। উপজেলা পরিষদের সম্পত্তির পুনরায় সীমানা নির্ধারণ করাও অতীব জরুরী বলে সভায় মতামত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, উপজেলা পরিষদের ঈদগাহ মাঠ সংলগ্ন অবৈধভাবে কয়েকটি ঘর উত্তোলণ করে বসবাস করে আছে। যা উচ্ছেদসহ সীমানা নির্ধারণ করার জন্য গরুত্বারোপ করেন।<br>তিনি আরো বলেন যে, উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রাক্কলণ প্রস্তুত পূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য গুরুত্বারোপ করেন। এ বিষয়ে অন্যান্য সদস্যগণও একই মতামত ব্যক্ত করেন। | ১)বিস্তারিত আলোচনান্তে রংপুর সদর উপজেলা পরিষদের নামে জমির সীমানা নির্ধারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>২) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের নিমিত্তে উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর প্রাক্কলণ প্রস্তুত পূর্বক দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) উপজেলা পরিষদ সীমানা প্রাচীর নির্মাণের অনুমতি জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে অনুমতির জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি)/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২২ | **বিবিধ :**<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, তাঁর কার্যালয়ে কিছু গুরুত্বপূর্ণ নথি সংরক্ষণের নিমিত্তে আলমারী ক্রয় করা অতীব জরুরী হয়ে পড়েছে। সেই সাথে উপজেলার জন্য আলমারী ক্রয় করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, দুইটি পিআইসি কমিটির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিস এবং উপজেলার জন্য আলমারী ক্রয় কমিটি গঠন করা যেতে পারে প্রতিটি পিআইসি ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা করে প্রাক্কলণ প্রস্তুত করার জন্য গুরুত্বারোপ করেন। | ১) বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর কার্যালয়ের জন্য আলমারী ক্রয় করার জন্য জনাব মোঃ আহসান হাবিব, ইউপি সদস্য, মমিনপুর ইউপি পিআইসি কমিটির সভাপতি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) রংপুর সদর উপজেলার জন্য আলমারী ক্রয় করার জন্য জনাব মোঃ রফিকুল ইসলাম, ইউপি সদস্য, সদ্যপুস্করিনী ইউপি পিআইসি কমিটির সভাপতি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) উপজেলা পরিষদ হলরুমের জন্য চেয়ার ও টেবিল ক্রয় করার নিমিত্তে জনাব মোঃ মিনহাজুল ইসলাম, ইউপি চেয়ারম্যান, ১নং মমিনপুর ইউপি পিআইসি কমিটির সভাপতি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪) উপজেলা হলরুমের জন্য চেয়ার ও টেবিল ক্রয় করার নিমিত্তে জনাব মোঃ ইকবাল হোসেন, ইউপি চেয়ারম্যান, ২নং হরিদেবপুর ইউপি পিআইসি কমিটির সভাপতি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপাজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৭

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় আরো বলেন যে, উপজেলা পরিষদ হলরুম এবং উপজেলা হলরুমের জন্য চেয়ার ও টেবিল ক্রয় করার মতামত ব্যক্ত করেন। দুইটি পিআইসি কমিটির মাধ্যমে প্রতিটি পিআইসি ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা করে প্রাক্কলণ প্রস্তুত করার জন্য গুরুত্বারোপ করেন। | ৫) প্রতিটি পিআইসি ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬) উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর উপরোক্ত কাজগুলোর প্রাক্কলণ প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপাজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/২/২০২৩

(মোছাঃ নাছিমা জামান ববি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
রংপুর সদর, রংপুর।

CamScanner

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২৩- ১৮৬ তারিখ- ২৭/০২/২৬

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১ রংপুর-৩, রংপুর।

০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, রংপুর।

০৬। পুলিশ সুপার, রংপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর রংপুর।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর ।

৯। উপজেলা........................................ অফিসার, রংপুর সদর, রংপুর ।

১০। চেয়ারম্যান....................................... ইউনিয়ন পরিষদ (সকল), রংপুর সদর রংপুর।

১১। জনাব .............................................................

১২। অফিস কপি।

২৭/০২/২০২৬

(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।